দৈনিক বাংলা



তারিখ ... 13/7/80 ...
পৃষ্ঠা ... কলাম ...

# স্বেচ্ছাশ্রমে খাল খননে কুষ্টিয়ার কৃতিত্ব

13/7/80
দৈ

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কুষ্টিয়া, ১১ই জুলাই।— ১৯৭৯-৮০ সনে স্বেচ্ছাশ্রমে কুষ্টিয়া জেলার নদী ও খাল খনন ও পুনঃখননের ১২টি প্রকল্পে মোট ১০ কোটি ১৩ লাখ ৩৯ হাজার ৪৯৯ ঘনফুট মাটি কেটে বাংলাদেশের ২০টি জেলার মধ্যে শীর্ষ স্থানে রয়েছে বলে জানা গেছে।

৯টি প্রকল্পে ৭ কোটি ৪৬ লক্ষ ঘনফুট মাটি কেটে খুলনা বিভাগের পটুয়াখালী জেলা দ্বিতীয় স্থানে রয়েছে। গত বছরে নদী ও খাল খনন ও পুনঃখনন প্রকল্পে খুলনা বিভাগে ৩০ কোটি ৩ লক্ষ রাজশাহী বিভাগে ১৫ কোটি ৬৪ লক্ষ চট্টগ্রাম বিভাগে ১২ কোটি ২৪ লক্ষ ও ঢাকা বিভাগে ৯ কোটি ৩২ লক্ষ ঘনফুট মাটি কাটা হয়েছে বলে জানা গেছে।

কুষ্টিয়া জেলার ৫৯ দশমিক ৩৭ মাইলব্যাপী ১২টি প্রকল্পের মধ্যে সদর মহকুমার হিসনা নদী, হিসনা নদীর সংযোগ খাল, বরুলিয়া খাল, চেচানীদহ নদী ও কুষ্টিয়া ঝিনাইদহ রাস্তার পাশের খাল চুয়াডাঙ্গা মহকুমার ভাইমারা খাল, ভাইমারা খালের সংযোগ খাল, সুন্দর খালী খাল, ভৈরব নদী ও চুয়াডাঙ্গা-ঝিনাইদহ রাস্তার পাশের খাল এবং মেহেরপুর মহকুমার গোপালপুর খাল ও তালতলা খাল অন্তর্ভুক্ত রয়েছে। এ জেলার প্রকল্পগুলোর জন্য সাত লক্ষ দশ হাজার টাকা সরকারী সাহায্য এবং ১৭ হাজার মন গম বরাদ্দ করা হয়েছিল বলে কুষ্টিয়ার জেলা প্রশাসক জানিয়েছেন।

এ জেলার শেষ করা প্রকল্পগুলোর সাহায্যে ২৭ হাজার ১শ ৫০ একর জমি উপকৃত হবে এবং আনুমানিক ৯ কোটি ২৫ লাখ ৮৮ হাজার ২শ টাকা বছরে আয় বাড়বে।

এদিকে কৃষি উন্নয়ন সংস্থা কর্তৃক ৩৭৫টি পাওয়ার পাম্প সরবরাহ করার কথা ছিল, কিন্তু এ সংস্থা আজ পর্যন্ত মাত্র ৬০টি পাওয়ার পাম্প সরবরাহ করেছে। বাকী ৩১৫টি পাওয়ার পাম্পের অভাবে প্রকল্প এলাকার সেচ ব্যবস্থা ভেঙ্গে পড়ার আশংকা করা হচ্ছে।